গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
শিক্ষা মন্ত্রণালয়
১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.bncu.gov.bd

# ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০২২-২০২৩ এর অধীন

## প্রকল্প প্রস্তাব দাখিলের শর্তাবলী

০১। প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য ইউনেস্কো থেকে প্রেরিত নির্ধারিত ফরম ও নিয়মাবলী বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ওয়েবসাইট (www.bncu.gov.bd) থেকে ডাউনলোড করে পূরণ করে জমা দিতে হবে। হার্ড কপি হিসেবে প্রকল্প প্রস্তাবের ০৯ (নয়) কপি এবং সফ্‌ট কপি (পেনড্রাইভ/ইমেইল যোগে) বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে (১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫) *০৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বিকেল ৫ টার মধ্যে পৌছাতে হবে।*

০২। ইউনেস্কো কর্তৃক প্রণীত নীতিমালা মোতাবেক নির্বাচিত প্রকল্পসমূহের বিবরণ ও তথ্যাদি বিএনসিইউ কর্তৃক অনলাইনে প্রেরণ করতে হবে বিধায় **আবশ্যিকভাবে সকল প্রকল্প প্রস্তাবের সফ্‌ট কপি** natcombd@yahoo.com এবং gcpona@gmail.com **ঠিকানায় পিডিএফ এবং ওয়ার্ড ফরম্যাটে প্রেরণ করতে হবে।**

০৩। অসম্পূর্ণ, বাঁধাই ছাড়া (হার্ড কপির ক্ষেত্রে) এবং ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০২২-২০২৩ এর নির্দিষ্ট ফরম অনুসরণ করা হয়নি এমন কোন প্রকল্প প্রস্তাব বাছাইয়ের জন্য বিবেচিত হবে না। ফরমে যাচিত তথ্যের অতিরিক্ত কোন তথ্য/ডকুমেন্ট প্রদানের প্রয়োজন নেই।

০৪। প্রস্তাবিত প্রকল্পসমূহ ইউনেস্কোর পাঁচটি প্রধান কর্মক্ষেত্র ভিত্তিক অর্থাৎ (১) শিক্ষা, (২) বিজ্ঞান, (৩) সংস্কৃতি, (৪) সামাজিক ও মানবিক বিজ্ঞান (৫) যোগাযোগ ও তথ্য প্রযুক্তি এর যে কোনো একটি অধিক্ষেত্রের অন্তর্ভুক্ত হতে হবে। বেসরকারি প্রতিষ্ঠান/এনজিওসমূহকে অবশ্যই সরকারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নিবন্ধিত হতে হবে। নিবন্ধন সনদ, সংগঠনের জনবল কাঠামোসহ বিস্তারিত প্রোফাইল এবং বিগত দিনের কাজের অভিজ্ঞতার প্রমাণক দাখিল করতে হবে।

০৫। প্রকল্প প্রস্তাবসমূহ জাতীয় পর্যায়ের হলে ইউনেস্কো থেকে প্রত্যাশিত অর্থের পরিমাণ সর্বোচ্চ ২৬ (ছাব্বিশ) হাজার মার্কিন ডলার, উপ-আঞ্চলিক/আন্তআঞ্চলিক পর্যায়ের হলে সে ক্ষেত্রে ২৮ (আটাশ) হাজার মার্কিন ডলার এবং আঞ্চলিক/আন্তর্জাতিক পর্যায়ের হলে ৩৮ (আটত্রিশ) হাজার মার্কিন ডলারে সীমিত রাখতে হবে। (মূল ফরমের অনুচ্ছেদ ৮ দ্রষ্টব্য)।

০৬। মূল ফরমের ১১ নং ক্রমিকে “ব্যাংক হিসাব নম্বর” কলামে অবশ্যই “SA No: 0200001094988, Deputy Secretary General, Bangladesh National Commission for UNESCO, Agrani Bank, National Press Club Branch, Dhaka” লিখতে হবে।

০৭। কোন একটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সর্বাধিক ২ (দুইটি) প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবে।

০৮। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ হবে অনধিক ১ (এক) বছর এবং তা ইউনেস্কো কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।

০৯। সরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থাসমূহকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্পসমূহ পাঠাতে হবে।

১০। *নির্ধারিত সময় অর্থাৎ ০৬ ফেব্রুয়ারি ২০২২, বিকাল ৫টার পরে কোন প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না।*

১১। প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ থেকে আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক বাছাইকৃত সীমিত সংখ্যক প্রকল্প প্রস্তাব ইউনেস্কো সদরদপ্তরে প্রেরণ করা হবে। প্রকল্প প্রস্তাবসমূহ বাছাইয়ের ক্ষেত্রে আন্তঃমন্ত্রণালয় কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১২। উপর্যুক্ত বিষয়ে অতিরিক্ত কোন তথ্যের জন্য বিএনসিইউ এর সিনিয়র প্রোগ্রাম অফিসার, মোঃ তাজউদ্দিন (ফোন: ০১৭১২২৯৩৮৮৯, gcpona@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

-০-